ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড
ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

নং-৫২.০১.০০০০.০১৪.০০২.১৬.১২(অংশ-২)- ৫৬৬

তারিখঃ ৪/২/১৬ বং
২২/১০/১৪২২ বং

বিষয়ঃ **'ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস' প্রকল্পের এ পর্যন্ত সম্পাদিত কার্যক্রমঃ**

১।	প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	১৯৯৭.০০ (অনুমোদিত)
	(ক) প্রকল্প সাহায্য (ডিপিএ)	:	১৪০৯.৪০
	(খ) জিওবি	:	৫৮৭.৬০
২।	প্রকল্পের বাস্তবায়ন কাল	:	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত

৩। **প্রকল্পের পটভূমিঃ**

জাতীয় পর্যায়ে সকল ধরণের তথ্য সংগ্রহের একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হচ্ছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) যা ১৯৭৪ সালে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত হয়। বিবিএস এর বিভিন্ন কার্যক্রম ফলপ্রসু এবং ত্বরান্বিত করার জন্য ইউএনএফপিএ তাদের ৫ম, ৬ষ্ঠ এবং ৭ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় বিবিএসকে সহায়তা দিয়ে আসছে। মাঠ ভেরিফিকেশনের মাধ্যমে ডিজিটাল মৌজা ম্যাপ তৈরী ও আপডেটিং এ উক্ত তিনটি কান্ট্রি প্রোগ্রামের আওতায় সহায়তা দিয়েছে যা বিভিন্ন শুমারি ও দুর্যোগ মোকাবেলা ব্যবস্থা এবং স্বাস্থ্য সেবায় যথেষ্ট ফলপ্রসু বিবেচিত হয়েছে। বাংলাদেশের আর্থ-সামাজিক বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে বিভিন্ন পর্যায়ে সংগৃহীত ডাটার আরও নির্ভুল প্রয়োগ নিশ্চিতকরণের লক্ষ্যে ইউএনএফপিএ তাদের ৮ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় বিবিএস এর ক্যাপাসিটি বিল্ডিং এ সহায়তা দানে সম্মত হয়ে অর্থ বরাদ্দ করেছে। এমডিজি/এসডিজি বাস্তবায়নে বিবিএস এর তৈরী ডাটা বিশ্লেষণ, জনসংখ্যার বৃদ্ধি হ্রাস, শিশু ও মাতৃ-মৃত্যু হ্রাস, দারিদ্র্য বিমোচন ইত্যাদি প্রভৃতি খাতের তুলনামূলক ও বর্তমান সচিত্র প্রতিবেদন তুলে ধরছে। বিভিন্ন শুমারি ও জরিপে প্রাপ্ত তথ্য-উপাত্তসমুহকে ডিজিটাল ম্যাপে (জিআইএস) এর সাথে সমন্বয় করে আরও যুগোপযোগী সিদ্বান্ত গ্রহণে সাহায্য/সমন্বয় হবে। যা এমডিজি/এসডিজি বাস্তবায়নে একধাপ এগিয়ে যাবে। দেশের বিভিন্ন আঞ্চলিক অবস্থা বিশ্লেষণে নির্ভুল ম্যাপের ব্যবহারে অনস্বীকার্য। এ কারণে বিবিএস সমগ্র দেশের ডিজিটাল ম্যাপ সংগ্রহ করে ডিজিটাল গণনা এলাকা (EA) ম্যাপ তৈরী করছে। তাছাড়া জেন্ডার ইকুয়্যালিটি এবং নারীর প্রতি সহিংস আচরণ, আর্থ-সামাজিক উন্নয়নের প্রতিটি স্তরে নারী-পুরুষ বিভেদ, প্রভৃতি বিষয় নির্মুলের জন্য প্রকৃত এবং সঠিক টাইম সিরিজ ডাটা প্রয়োজন সে লক্ষ্যে প্রকল্পটির কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

৪। **প্রকল্পের উদ্দেশ্যসমুহ নিম্নরূপঃ**

১। স্বাস্থ্য অবকাঠামো ও শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান GPS দ্বারা চিহ্নিত ও তথ্য সংগ্রহ পূর্বক সমগ্র দেশের ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ মাঠ পর্যায়ে হালনাগাদকরণ ও হালনাগাগকরণকৃত ম্যাপ কম্পিউটারে Edit করা।

২। Geo-database ব্যবহার করে এবং আদমশুমারি, ২০১১ এর তথ্য উপাত্ত ব্যবহার করে ৬৪টি জেলা ও ১১টি সিটি কর্পোরেশনের Small Area Atlas তৈরি করা।

৩। Time series data তৈরির জন্য UN গাইডলাইন অনুসরণপূর্বক নারীর অবস্থান সর্ম্পকীয় জরিপ Violence Against Women (VAW) Survey 2015 সম্পন্ন করা।

৪। মাঠ পর্যায়ে সংগৃহিত Vital Statistics এর তথ্য Online-এ সরাসরি ধারণ করার জন্য সফটওয়ার ডেভলপ করা।

৫। বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীদেরকে তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং রিপোর্ট রাইটিং-এ দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্হা গ্রহণ করা।

৫। **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

অর্থ বৎসর	বরাদ্দ	ব্যয়	অগ্রগতি	
			আর্থিক	বাস্তব
২০১২-২০১৩	২৭৬.০০	১৬২.৯০	৬০%	৬০%
২০১৩-২০১৪	৪৭৩.০০	৪৬৭.০৭	৯৮.৭৫%	৯৯%
২০১৪-২০১৫	৪২৩.০০	৪২২.৭৪	৯৯.৪৪%	৯৮%
২০১৫-২০১৬	৫০১.০০	৩৮৮.৫৩	৭৭.৫৫%	৭৮% (জানুয়ারী ১৬ পর্যন্ত)

৬। **প্রকল্পের অর্জনঃ**

- **ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ হালনাগাদকরণ:**

রংপুর বিভাগের ৮টি জেলা, সিলেট বিভাগের ৪টি জেলা, খুলনা বিভাগের ১০টি জেলা ও জয়পুরহাট, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ, কুমিল্লা এবং ঢাকা জেলাসহ মোট ২৯টি জেলা ও ১১টি সিটি কর্পোরেশনের ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ সাম্প্রতিকরণ কাজ সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ের ম্যাপ সাম্প্রতিকরণের সাথে সাথে Global Positioning System (GPS) এর মাধ্যমে স্বাস্থ্য ও শিক্ষা সম্পর্কিত অবকাঠামোর অবস্থান চিহ্নিত এবং অন্যান্য তথ্য সংগ্রহ করে হয়েছে।

- **Small Area Atlas তৈরী:**

আদমশুমারি ২০১১ এর তথ্যের ভিত্তিতে রংপুর বিভাগের ৮টি জেলা, সিলেট বিভাগের ৪টি জেলা, খুলনা বিভাগের ১০টি জেলা ও জয়পুরহাট, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, কুমিল্লা জেলা ও নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনসহ মোট ২৯টি Small Area Atlas তৈরীর কাজ শেষ হয়েছে।

- **Violence Against Women Survey (VAW), ২০১৫**

Violence Against Women Survey (VAW) ২০১৫ এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ, এডিটিং ও কোডিং শেষ করে Data Capturing এর কাজ শেষ হয়েছে। Tabulation Plan অনুযায়ী রিপোর্ট প্রস্তুতের কাজ চলছে।

SVRS এর মাঠ পর্যয়ের তথ্য online এ ধারণ:

SVRS এর মাঠ পর্যয়ের তথ্য online এর মাধ্যমে জেলা/উপজেলা থেকে ধারণের নিমিত্তে Software Develop করা হয়েছে। একটি সেমিনারের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। Pilot হিসাবে ৭টি বিভাগের ৭টি জেলার ৭টি উপজেলা থেকে এ কার্যক্রম শুরু করা হবে।

- **বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান:**

ক্রমিক নং	বিষয়	প্রশিক্ষণ/কর্মশালার সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
১।	Sample Vital Registration System (SVRS)	০৬	৫৮০৩ জন
২।	GIS Map তৈরীর পদ্ধতি/মাঠ পর্যায়ে হালনাগাদকরন/Editing	১৪	৫৪৪ জন
৩।	Violence Against Women (VAW) Survey-2015	০৫	৪২৮৬ জন
৪।	Integration of Statistics with Geospatial Information	০১	২৮০ জন
৫।	Violence Against Women (VAW) Survey-2011	০১	৩৩০ জন
৬।	GIS Platform	০৫টি	২০০ জন
৭।	Small Area Atlas	১টি	১২০০ জন
৮।	Gender	৩টি	২১০ জন
৯।	মাঠ পর্যায়ে ম্যাপ হালনাগাদকরন উপলক্ষে বিভিন্ন জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা	৮টি	৮৬৪ জন

এছাড়াও-

- অর্থনৈতিক শুমারি, ২০১৩ এর জন্য সমগ্র দেশের ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ প্রিন্ট করে সরবরাহ করা হয়।
- বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপ কাজে মৌজা/মহল্লা ডিজিটাল গণনা এলাকার ম্যাপ প্রিন্ট করে সরবরাহ করা হয়েছে।
- আদমশুমারি ২০১১ এর রিপোর্টের জন্য থিমেটিক ম্যাপ প্রস্তুত করে সরবরাহ করা হয়েছে।
- বস্তি শুমারি-২০১৩ এর জন্য ডিজিটাল গণনা এলাকার মহল্লা ও ওয়ার্ড ম্যাপ প্রিন্ট করে সরবরাহ করা হয়েছে।
- National Household Database (NHD) Project মাঠ পর্যয়ে কাজের জন্য রংপুর বিভাগের সব ও নরসিংদী জেলার মৌজা/মহল্লার ডিজটাল ম্যপ সরবরাহ করা হয়েছে। এছাড়াও সার্ভে কাজের জন্য আরও ১৭টি জেলার ম্যাপ সরবরাহের কাজ চলছে।
- Undocumented Mayanmar Citizen জরীপের জন্য চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাংগামাটি ও পটুয়াখালী জেলার মৌজা/মহল্লার ডিজটাল ম্যাপ সরবরাহ করা হয়েছে।
- TVET প্রতিষ্ঠান জরিপ-২০১৫ এর জন্য ১১ টি সিটি কর্পোরেশনের সব ওয়ার্ড ও সমস্ত পৌরসভার মহল্লা ডিজিটাল ম্যাপ প্রিন্ট করে সরবরাহ করা হয়েছে।

মোঃ জাহিদুল হক সরদার
প্রকল্প পরিচালক
এনহেন্সিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড
ডেমোগ্রাফীক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।